

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

তারিখ : ২৪/১২/২০২৩ খ্রি:


লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে যাদের ডাটা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরাই ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থীরা ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অন্তর্গত কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে। যে সকল শিক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০২১ সালে অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেয়া হলো।


- (ক) ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ০২/০১/২০২৪ থেকে ২৫/০১/২০২৪ খ্রি: পর্যন্ত।
- (খ) ফরম পূরণের তারিখ : ০২/০১/২০২৪ থেকে ২৫/০১/২০২৪ খ্রি: পর্যন্ত।
ফরম পূরণের পর সংশ্লিষ্ট অফিস সহকারীগণ নিজ নিজ বিভাগের ছাত্রীদের অনলাইনে এন্ট্রির কাজ সম্পন্ন করবেন।
- (গ) পূরণকৃত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :
(i) অনার্স কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এবং অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
(ii) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও ২য় বর্ষ পরীক্ষা পাশের ফলাফলশীট।
- (ঘ) আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে। আবেদন ফরমে যাবতীয় তথ্যাদি সঠিক ও নির্ভুল হতে হবে।
অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) পরীক্ষার ফি :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	তৃত্বীয় (প্রতি পূর্ণ কোর্স)	২৫০/-	
২	তৃত্বীয় (প্রতি অর্ধ কোর্স)	২০০/-	
৩	ব্যবহারিক (প্রতিপত্র/কোর্স)	২৫০/-	
৪	কেন্দ্র ফি তৃত্বীয় (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	
৫	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি)	১৫০/-	
৬	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)	১০০/-	
৭	বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য) প্রতি পরীক্ষার্থী	৩০০/-	
৮	ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী)	৫০/-	

☐ নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে আবেদন ফরম পূরণের কোন প্রকার সুযোগ নেই।


অধ্যক্ষ ২৪/১২/২৩

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


২৪/১২/২৩